তারিখ 30 JAN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৭

দৈনিক জনকণ্ঠ

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তির মেধা তালিকা প্রকাশ কাল

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ২৯ জানুয়ারি ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস ও সম্মান প্রফেশনালে) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন ও ২য় মেধা তালিকা রবিবার প্রকাশ করা হবে। উক্ত ফল বিকেল ৪টা থেকে SMS এর মাধ্যমে (nu<space> atdg<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করে এবং রাত ৯টা থেকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd থেকে পাওয়া যাবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের (স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল) ডিন ড. মোবেশ্বরা খানম জানান, ২০১১ থেকে রিলিজ স্লিপে ভর্তি কার্যক্রম শুরু হয়। প্রতিবছর শিক্ষার্থীরা প্রথমে পছন্দানুযায়ী একটি কলেজে ভর্তির জন্য আবেদন করে। পরে তাদের ভর্তির জন্য প্রথম মেধা তালিকা ও পরে কাঙ্খিত কলেজে আসন খালি সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা প্রকাশ করা হয়।